এখানে play, makes, know এবং need এগুলি মূল verb কারণ এইগুলি নিজেরাই স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারছে।

Auxiliary Verb : যে Verb মূল Verb কে বিভিন্ন প্রকার Sentence গঠনের জন্য সাহায্য করে তাকে Auxiliary Verb বলে। যেমন :

- a. I am reading a novel b. Students are making a noise. c. We should respect our parents.

এখানে am, are ও should এই গুলি Auxiliary Verb কারণ এইগুলি তাদের Principal Verb কে সাহায্য করছে।

Kinds of Principal Verb: Principal Verb কে আবার ৩ ভাগে ভাগ করা যায়।

- a. Transitive Verb b. Intransitive Verb c. Linking Verb

a. **Transitive Verb:** যে Verb তার অর্থ পরিপূর্ণ করার জন্য Object গ্রহণ করে তাকে Transitive Verb বলে। যেমন :

- a. He flies a kite. b. We lost the pen.

এখানে flies ও lost উভয় Transitive Verb কারণ তারা Object গ্রহণ করেছে।

b. **Intransitive Verb:** যে verb তার অর্থ পরিপূর্ণ করার জন্য Object এর প্রয়োজন বোধ করে না তাকে Intransitive verb বলে। যেমন :

- a. The girl sings. b. Birds fly.

এখানে sings ও fly verb দ্বয় intransitive কারণ object গ্রহণ করা ছাড়াই, তারা অর্থ পরিপূর্ণভাবে প্রকাশ করতে পেরেছে।

c. **Linking Verb:** যে Verb Subject এবং Complement এর মধ্যে সংযোগ সাধন করে দেয় তাকে Linking Verb বলে। যেমন:

- a. He is a student. b. He was a doctor.

এখানে 'is' ও 'was' linking verb কারণ তারা He এর সাথে student ও doctor এর সংযোগ করে দিয়েছে।

N.B: be, appear, become, feel, get, go, grow, keep, look, prove, sound, run, smell, seem, taste, turn, এই Verb গুলোকে অনেক সময় Linking Verb হিসেবে ব্যবহার করা হয়।

Auxiliary Verb এর প্রকারভেদ : Auxiliary Verb কে তিন ভাগে ভাগ করা যায়। যথা :

- a. Primary Auxiliary b. Modal Auxiliary
b. Periphrastic Modal Auxiliary

- a. **Primary Auxiliary:** যে verb অবস্থানুযায়ী সাহায্যকারী আবার অবস্থানুযায়ী Principal verb হিসেবে ব্যবহৃত হয় তাহাই Primary Auxiliary verb.

এদের সংখ্যা ৩টি। যথা : be, do ও have

- a. be → be এর ৮টি রূপ আছে। যথা: am, is, are, was, were, be, being, been,

যেমন : a. I am a student.

- b. I am reading English

- b. do → do এর ৩টা রূপ আছে। যথা : do, does, did.

যেমন : a. He did it.

- c. I did not do it.

- d. Have → Have এর ৩ টা রূপ আছে। যথা-Have, Has ও Had

যেমন : a. I have a pen.

- b. I have lost a pen.

B. Modal Auxiliary: যে verb গুলির পর base form of verb বসে, to বসে না এবং ing ও যুক্ত হয় না তাকে Modal Auxiliary বলে। যেমন : He can do it.

সংখ্যা : Modal Auxiliary এর সংখ্যা ১৩টি। যথা : can, could, may, might, shall, should, will, would, must, need, dare, had better, would rather.

Periphrastic Modal Auxiliary: যে Verb গুলির সর্বদাই to বসে তাকে Periphrastic Modal Auxiliary বলে। যেমন : We ought to help others.

সংখ্যা : এদের সংখ্যা ৬টি। যথা : be to, be going to, used to, ought to, be about to, have to

Non-Finite Verb এর প্রকারভেদ :

Non-Finite Verb কে তিন ভাগে ভাগ করা যায়। যথা :

a. Infinitive; b. Participle. c. Gerund.

a. **Infinitive:** Verb এর Present রূপ এর পূর্বে to যুক্ত করলে যে রূপ গঠিত হয় তাহাই Infinitive. যেমন :

a. He came to meet me. b. They want you to make a good result.

b. Participle: Verb এর যে রূপ একই সাথে Verb ও Adjective এর কাজ করে তাকে Participle বলে।

যেমন: a. We saw a singing bird.

b. Lost health can hardly be recovered.

Participle কে আবার ৩ ভাগে ভাগ করা যায়। যথা :

a. Present Participle b. Past Participle c. Perfect Participle.

Present Participle: Verb এর সাথে ing যুক্ত করলে যদি সেটি Verb ও Adjective হিসেবে কাজ করে তাহলে Present Participle. যেমন :

a. A barking dog seldom bites. b. None should get on a running bus.

c. We found them playing cricket. d. We were enjoying an exciting game.

Use of Present Participle

a. Verb এর Continuous Tense গঠনে ব্যবহৃত হয়। যেমন :

a. He was enjoying television. b. They are eating rice.

b. Noun এর আগে বসে Noun এর গুণ প্রকাশ করে। যেমন : a. This is an interesting story. b. He has a pleasing voice.

c. He shot a flying bird.

c. অনেক সময় linking verb ও be এর পরে predicative use of adjective রূপে বসে। যেমন :

a. The scenery looks charming. b. The game is exciting.

d. বাক্যের শুরুতে এসে Present Participle হিসাবে কাজ করতে পারে। যেমন :

a. Learning English he will come back. b. Playing football I get pleasure.

e. বাক্যের শেষে এসে Present Participle হিসাবে বসতে পারে। যেমন :

a. He went away closing the door. b. He burst into tears hearing the news.

f. কখনো কখনো Preposition হিসাবে বসতে পারে। যেমন : a. The boy knew nothing regarding it. b. Nobody came saving(except) one.

c. He gave a piece of information regarding (about) him.

g. কোন Simple Sentence এ Subject এরপর ও মূল Verb এর আগে Subject এর গুণ প্রকাশ করার জন্য Participle বসতে পারে। যেমন :- The house belonging to me now will be yours. b. The car running quickly collided against a wall.

h. অনেক সময় see, hear, watch, find ইত্যাদি verb এর পর Subject এবং তার পরের অংশটি present Participle হিসেবে গণ্য হয়। যেমন : He saw me coming here. b. We heard her singing.

i. Have, get, start, keep, leave, find, catch ইত্যাদি Verb এর পর Subject এবং তারপর ing যুক্ত অংশ থাকলে সেটি Present Participle হিসেবে গণ্য হয়। যেমন : He kept me waiting. b. I caught the man stealing a mango.

j. অনেক সময় Finite Verb এর সাথে সম্পর্কহীনভাবে বাক্যের প্রথম অংশে present Participle বসতে পারে। যেমন :

- a. The game being over, we went away. b. The restaurant being dirty, we don't eat there.

k. Present Participle কখনও কখনও সময়, কারণ ও শর্ত প্রকাশ করার জন্য ব্যবহৃত হয়। যেমন :

- a. Being ill, he could not, come to the meeting. b. While walking along the road, I saw a dead cow.
c. Turning to the left, you will find my house.

Past Participle: Verb এর Past Participle বা ৩য় রূপ যখন একই সাথে Verb ও Adjective এর কাজ করে তখন তাকে Past Participle বলে। যেমন : Remove the broken glass. b. His father is a retired army officer.

- c. Don't drink arsenic contaminated water.

Prefect Participle: Having + মূল verb এর Past participle কে Perfect Participle বলে। যেমন :

- a. Having done it, he went away. b. He went away having closed the door.

Gerund

Verb এর সাথে ing যুক্ত করলে যদি একই সাথে Verb ও Noun এর কাজ করে তাহলে তাকে Gerund বলে।

যেমন : a. Walking is a good exercise. b. He stops reading novels.

Use of Gerund

a. Verb এর Subject হিসাবে বসে। যেমনঃ Swimming is a good exercise

b. Transitive Verb এর Object হিসাবে বসে। যেমন : My wife loves gardening.

c. Subject এর Complement হিসাবে বসে। যেমন : a. His target is getting a+. b. My hobby is angling

d. Preposition এর Object রূপে বসতে পারে। যেমন : He is absorbed in reading. b. I am fond of playing.

e. Compound Noun এর অংশ হিসাবে বসতে পারে। যেমন : a. This is our dressing table. b. He is in the drawing room.

f. যদি Possessive (যেমন : my, his, her, your, their ইত্যাদি)-এর পর Verb এর সাথে ing যুক্ত হয়। যেমন :

- a. He scolded me for my telling a lie.
b. I am afraid of its happening.

Unit-5

Preposition



What is Preposition?

A Preposition is a word placed before a noun or a pronoun to show its relation to some other words in the sentence.

Pre=আগে/পূর্বে, position=স্থান। অর্থাৎ Preposition হল সেই সব word যারা কোন শব্দের আগে বসে পূর্ববর্তী word এবং ঐ word এর মধ্যে সম্পর্ক স্থাপন করে। অন্য কথায় বলা যায়, যে Word বা Word সমষ্টি Noun বা Pronoun অথবা Noun equivalent এর পূর্বে বসে বাক্যের অন্যান্য অংশের সাথে Noun বা Pronoun অথবা Noun equivalent-এর সম্পর্ক স্থাপন করিয়ে দেয় তা-ই Preposition.

Kinds of Preposition:

গঠন কার্য এবং ব্যবহারের ভিত্তিতে Preposition কে ছয়ভাগে ভাগ করা হয়। যেমন :

- Simple preposition:** Simple Preposition মূলতঃ একটি word দ্বারা গঠিত। যেমনঃ at, on, of, but, by, down, from, like, out etc.
- Double preposition:** দুটো preposition একত্রে যুক্ত হয়ে একটি Double preposition গঠন করে। যেমনঃ upon (up+on), without (with+out) etc.
- Compound preposition:** Noun, Adjective বা Adverb এর পূর্বে Simple preposition যুক্ত হয়ে যে preposition গঠন করে তাকে Compound Preposition বলে। যেমনঃ about (on+by+out), behind (by+hind) etc.
across (on+cross), beneath (by+neath) [a=on, be=by]
- Phrase preposition :** দুই বা ততোধিক preposition মিলে অথবা দুই বা ততোধিক Preposition এবং অন্য word মিলে একক preposition রূপে ব্যবহৃত হয় তবে তাকে Phrase Preposition বলে।
যেমন : by means of, in front of etc.
- Participle Preposition:** Present Participle এবং Past Participle যদি Preposition –এর মত কাজ করে তবে তাকে participle Preposition বলে।
যেমন : The man went (past) me. Considering the quality the price is not so high.
- Disguised preposition :** কখনো কখনো on, at, of, per Preposition গুলোর পরিবর্তে o বা a ব্যবহৃত হয়, এরূপ o বা a কে Disguised Preposition বলে।
যেমনঃ He gets up at 8 O'clock (O=of). She comes here once a week. (a=per)

Preposition may be used before other parts of speech. Such as

He walks about from here to there. (Preposition before adverb)

I have heard of this before now. (Preposition before adverb)

He is about to go. (Preposition before infinitive)

Sometimes preposition is used before a phrase or clause and governs it.

He is ignorant of how to swim. (Preposition before phrase).

I told everyone of what I have heard. (Preposition before clause).

It depends on how you do our duty. (Preposition before clause).

ইংরেজিতে কিছু Preposition-এর সঙ্গে বাংলা বিভক্তির একটা সম্পর্ক লক্ষ্য করা যায়। নিচে তালিকাটি শিক্ষার্থীদের Preposition সম্পর্কে পরিষ্কার ধারণা নিতে সাহায্য করবে।

বিভক্তি	Preposition	Example
কর্তায় ১ম	-	Abid is a doctor (no preposition)
কর্মে ২য়, কে, রে, প্রতি	To	He goes to school (স্কুলের প্রতি বা দিকে) The gift was given to my friend. (আমার বন্ধুকে)
করণে ৩য়, দ্বারা, দিয়া, কর্তৃক	By (a doer) With (an instrument)	The letter is written by me. (আমার দ্বারা) The letter is written with pen. (কলমের দ্বারা)
নিমিত্তে ৪র্থী, জন্য	For	I waited for him. (তাহার জন্য)
অপাদনে ৫মী, হইতে, থেকে, চেয়ে	From, than	The books fell from the table. (টেবিল থেকে) He will not take less than twenty rupees. (বিশ টাকার চেয়ে কম)
সম্বন্ধে ৬ষ্ঠী, র, এর	Of	This dress is of abid (আবিদের পোশাক)
অধিকরণে ৭মী-এ,য়, তে	In, at	He lives in Bangladesh. (বাংলাদেশের) He lives at khulna. (খুলনায়) He is swimming in the river. (নদীতে)

একই অর্থে বা একাধিক অর্থে বিভিন্ন **Preposition** এর ব্যবহার :

- ইতিবাচক অবস্থান গন্তব্যের ক্ষেত্রে-at, to, on, onto, in, into etc.
- উৎস বা নেতিবাচক অবস্থা বুঝাতে away, from, off, out, of etc.
- পারস্পরিক অবস্থান over, above, under, below, beneath etc.
- দূরত্বমূলক অবস্থান by, beside, with, near, close to, opposite, between, among, amongst, amid, amidst, around, round, about etc.
- দূরত্ব অতিক্রম-across, through, past, up, down etc.
- ফলশ্রুতি অর্থে-from, out, of etc.
- ব্যস্ত অর্থে- over, throughout, with etc.
- সময় প্রকাশে- at, on, in, by etc.
- স্থায়িত্ব- for, during, over, through, throughout, upto, before, after, since, till, until, by etc.
- উদ্দেশ্য ও গন্তব্য for.
- লক্ষ্য for, to, at etc.
- উৎস বা উৎপত্তি- from
- উপায়- by, with, without etc.
- সহ বা সাথে- with
- সমর্থন ও বিরোধীতা-for, with, against etc.
- সত্ত্বেও অর্থে- in spite of, despite, but for, with all etc.
- প্রতিক্রিয়া- at, to etc.
- স্ট্যান্ডার্ড- for, at etc.

Uses of different types of prepositions

To

1. নির্দিষ্ট কোন স্থান বা বিন্দুতে বুঝাতে। যেমন : Go to the south. He has gone to school.
2. পর্যন্ত অর্থে যেমনঃ Life means waiting from birth to death .
3. অনুযায়ী অর্থে-This dress is really to my choice. I found the place to my liking.
4. মুখোমুখি বা ঘেঁষাঘেঁষি অর্থে-Talk to him face to face.
5. এর অর্থে- Industry is the key to success.
6. প্রতি বা উদ্দেশ্য অর্থে-Send the letter to Simu. We invited him to the party.
7. সময় বাকী আছে বুঝাতে-It is quarter to ten. How long is it to lunch?
8. উপনীত হওয়া বা পরিণত অর্থে-Burn the paper to ashes. He was sentenced to the Jail.

At

1. তুলনামূলকভাবে ছোট স্থান ও নির্দিষ্ট কোন স্থির বিন্দু বোঝাতে- a. He lives at Gulshan in Dhaka.
b. Open at page 30.
2. সময় নির্দিষ্ট করে বোঝাতে- a. Come to the college at 8.A.M
b. Nazrul has become famous at the age of 21.

(এভাবে-At down, at first, at noon, at night, at midnight কিন্তু at day নয়।)

3. মূল্য বোঝাতে-Ornage sells at 100 taka per Kg. He bought a shirt at Tk. 500
4. দক্ষতা প্রকাশের ক্ষেত্রে- Rana is good at Mathematics. Runa is bad at reading and writing.
5. একক প্রচেষ্টার ক্ষেত্রে-Drink the glass of water at a time.
6. মাত্রা বোঝাতে-The car ran at 120 miles per hour. I have done many thing at a time.
7. দায়িত্ব বোঝাতে-Do it at your own cost. He has done it at his own risk.
8. চরম অবস্থা বা সীমা প্রকাশের ক্ষেত্রে- At first, At last, At best, At worst.
9. কাজের অবস্থা বোঝাতে-I am now at work. He was at the meeting

Of

1. মালিকানা বা অধিকার বোঝাতে- He lives in the house of his uncle. This is a book of my brother.
2. কোন কিছু দিয়ে তৈরী বা কারো দ্বারা নির্মিত, সৃষ্ট বা রচিত কোন কিছু বোঝাতে-Give me a ring of gold. I like houses made of brick. Please sing a song of Lalon Shah.
3. সমষ্টির মধ্যে একটি/একাধিক বোঝাতে-I like one of her poems. Many of them have said so.
4. সম্বন্ধে বোঝাতে-I do not know of Milton.
5. উৎস বোঝাতে-The rice of Barishal is famous. He is a man of Khulna.
6. উদ্ভূত বোঝাতে-He comes of a respectable family.
7. কারণ বোঝাতে-He died of over eating.

8. বিদ্যমান অবস্থা বোঝাতে-Mahbub is a man of Character. Bangladesh is a country of peace and happiness.
9. তারিখ বোঝাতে-The 12th of March.
10. একই জিনিসের অভিন্নতা বোঝাতে- He lives in the city of Dhaka. He died at the age of seventy. Dhaka is called the city of mosque.

In

1. সময় বোঝাতে বা কোন সময়ের মধ্যে বোঝাতে-I will come in an hour. I will do it in a week.
2. অপেক্ষাকৃত বড় স্থান বোঝাতে-I live in Dhaka. He lives in Canada.
3. অবস্থা বোঝাতে-His health is in bad condition. They were in angry mood.
4. পোশাক সজ্জিত বা বিশেষ ধরনের কোন কিছু সাজানো অর্থে- He is in full shirt. Stand in a line.
5. কোন কিছুতে আশ্রয় নিয়ে কিছু করা অর্থে-He is busy in politics. He writes to me in English.
6. মধ্যে বোঝাতে-He is in the garden. My mother is in the Kitchen.
7. কোন কিছুর মধ্যে অন্তর্ভুক্ত বোঝাতে-Find out the errors in the sentence. There is an important information in the article.

For

1. জন্যে অর্থে-He bought a shirt for you. What can I do for you?
2. কারণ অর্থে-We could not go out for rain. He was disqualified for mental disorder.
3. সময়ের ব্যক্তি বোঝাতে-He has been absent for three days. He has been reading for an hour.
4. বিনিময় বোঝাতে-I have bought it for five taka. How much have you paid for it?
5. কারো পক্ষে বোঝাতে I will fight for him.I am speaking for you.
6. পরিবর্তে বোঝাতে-He acted for his father. He must attend the meeting for him.
7. সত্ত্বেও অর্থে-For all his riches, he is unhappy. For all my good qualities I could not do better.
8. উদ্দেশ্য বা দিকে-The ship is started for Singapore.
9. প্রতীক বা প্রতিনিধি উপস্থাপন অর্থে-What does red colour in national flag stand for?

Off

Off মূলতঃ Adverb হিসেবে ব্যবহৃত হয়। তবে এখানে Preposition হিসেবে কিছু ব্যবহার দেখানো হল।

1. কাছাকাছি যেঁষে নয়, দূরে এ রকম বোঝাতে-Take the chair off the room. Keep off the plant.
2. বিচ্ছিন্নতা বা বিচ্যুতি বোঝাতে-Take the shoes off your feet. Get the spot off your dream.
3. অভ্যস্ততা বোঝাতে-The patient is off his meal. For some reasons, he is off his jovial mood.
4. সমুদ্রের কাছাকাছি-We went off the shore.

On

1. কোন তলের উপর কোন কাজ বাইরে থেকে এসে ঘটবে এরূপ বুঝালে On/onto বসে। The boy was standing on the bench. Keep the box on the shelf.
2. তারিখ বা দিন বোঝাতে-Meet me on Monday. She will come to me on 20 July.
3. কোন কিছু সম্বন্ধে-Ruma delivered a speech on Shakespeare. Write a paragraph on Bangladesh.
4. নির্ভরশীলতা বোঝাতে-We live on rice. Don't depend on others.
5. কোন উপলক্ষ্যে-Greeting on birthday. We attended on his marriage anniversary.
6. চলমান অর্থে-He is on a trip to Thakurgaon.
7. প্রভাবিত করা অর্থে-The film inflicted much influence on me.
8. নির্ভরতা/ঝুলন্ত অবস্থা বোঝাতে-A car on four wheels. A table on four legs.
9. অনুসারে/ফলে-I did it on your advice.
10. অব্যবহিত পরেই-On hearing this, she came.
11. পক্ষে কাজ করা-He is on the committee.

Under

1. নিচু স্থান বা কোন কিছুর নিচে বোঝাতে-We took rest under a banyan tree. Keep the bag under the table.
2. কারো অধীন কাজ করা বা কোন অবস্থায় থাকা অর্থে-I am doing under Mr. Robert. Try to keep the boy under control.
3. শাসনামল বোঝাতে-Were we in peace under British rules?
4. প্রক্রিয়াধীন বোঝাতে-He can work hard under pressure. Your proposal was under consideration.
5. অনুযায়ী অর্থে-Under the term, he would be punished if he fails to repay.

About

1. কোন বিষয়ে বা কোন কিছু সম্বন্ধে কিছু বলা বা করা অর্থে -I am telling you about my career. Let us talk about our business.
2. প্রায় অর্থে-He is about to rise feet. I need about 50 thousand taka.
3. চারদিকে অর্থে-There is a lake about the locality. Wrap the pieces of cloth about my finger.
4. সময়ের সম্ভাব্যতা বোঝাতে-It is about 8 O'clock. The bus will start about now.
5. উপলক্ষ বা উদ্দেশ্য বোঝাতে-She came to my house about that matter.

After

1. পরে ঘটে এ রকম অর্থে-Where will you go after dinner? He will meet me after his lunch.
2. পিছু নেওয়া বা ধাওয়া করা অর্থে-We ran after the thief. Do not hanker after money.
3. পরিকল্পনা, ধরণ বা অন্য কিছু অনুসরণ বোঝাতে-The museum is built after my design. This pen was bought after my choice. He is named after his father.
4. ধারাবাহিকতা বোঝাতে-We cantered one after another.

Before

1. কোন সময় বা ধারার আগে ঘটে এরকম বোঝাতে-He passed SSC examination before 1992. Your turn will come before me.
2. সম্মুখে বোঝাতে-He stood before me. He fainted before me.
3. অধিকতর গুরুত্ব বোঝাতে-He always emphasizes hard work before brain. We want prevention before cure.
4. বিবেচনায় আনা বোঝাতে- He put the proposal before our chairman.

Behind

1. পিছনে অর্থে- He came behind you. He shouted from behind the wall.
2. অসাক্ষাতে-You curse him behind the back.
3. বিলম্ব অর্থে-You are behind me.
4. সমর্থন বা সাহস-Don't get frightened, we are behind you.

Over

1. সরাসরি উপরে বোঝাতে-She held her hand over my head.
2. স্পর্শ করছে না এমন বোঝাতে-The ball is hanging over his head.
3. উপরে ঢেকে আছে-She stretched the cloth over her body.
4. একপাশ থেকে অন্য পাশে বোঝাতে-I jumped over the bench.
5. প্রভাব বা নিয়ন্ত্রণ বোঝাতে-He ruled over those people.

By

1. কোন পথে যাতায়াত করা বা গমনার্থ বোঝাতে-I shall go there by bus. (On foot, on horse back.)
2. পাশে বোঝাতে-Our College is just by the Gulshan College. He sat by me yesterday.
3. পরিমাপের ক্ষেত্রে-The room is 10 feet by 15 feet.
4. কাছাকাছি সময় বোঝাতে-He will get back by Monday. He will come back by 4 P.M.
5. কোন ব্যক্তি কর্তৃক সম্পাদিত অর্থে-The poem was written by him. The work has been done by you.
6. অনুযায়ী অর্থে-You are guilty by our law. What is the time by your watch.
7. ধারাবাহিকতা বোঝাতে-His health is improving day by day. He passed the tests one by one.
8. নিজে নিজে বা একা একা অর্থে-He lives by himself.
9. শপথ বোঝাতে- He swore by Allah.

With

1. কোন ব্যক্তির সাথে বোঝাতে-She lives with her parents. I spent the vacation with my friends.
2. কাজের কোন উপকরণ বোঝাতে-Don't play with match. I write everything with this pen.
3. সত্ত্বও অর্থে-With all his learning, he is dishonest.
4. বস্ত্রবাচক বা গুণবাচক অবস্থা প্রকাশ করতে-He looked at her with fixed eyes. He works with confidence.

5. পক্ষে বা বিপক্ষে বোঝাতে-Babar fought with Ibrahim Lodi. Bahram Khan was always with Akbor.
6. কোন বিষয়ে বা ব্যাপার বোঝাতে-Be careful with Knife.

Some prepositions: Differences and Uses

In/At: বড় স্থান বা সময়ের পূর্বে in এবং অপেক্ষাকৃত ছোট স্থান বা সময়ের পূর্বে at বসে। তবে সময়ের পূর্বে in বসলে তার পর noun এর পূর্বে the বসে। কিন্তু সময়ের পূর্বে at বসলে তারপর the বসে না।

He lives at Rajshahi in Bangladesh.

He came to me at 8 P.M. in 2007.

He walks in the morning.

In/Into: কোন কিছুর ভেতরে কারো বা কোন কিছুর অবস্থানের স্থিতিশীলতা বুঝাতে in এবং অবস্থানের গতিশীলতা বা রূপান্তর বোঝাতে into বসে।

The students are in the classroom.

The teacher enters into the classroom.

In/Within: সাধারণত ভবিষ্যৎকালে নির্দিষ্ট ব্যাপক সময়ের শেষ মুহূর্তে বোঝাতে in এবং ঐ সময়ের মধ্যে বোঝাতে within বসে।

I will be back in a week. I will be back within a week

On/In/At: দিন বা তারিখের আগে On, মাস বা বছরের আগে in এবং নির্দিষ্ট সময়ের পূর্বে at বসে।

I joined the job at 8 am on Sunday in 2007.

In/By/Before/After: ভবিষ্যৎকালে ব্যাপক সময়ের মধ্যে বোঝাতে in নির্দিষ্ট সময়ের পূর্বে by/before এবং অতীতকালের ব্যাপক সময়ের পরে After ব্যবহৃত হয়।

She will come back in a week.

She will come back by 7P.M

She came back home after one month.

In/On/To: সীমার মধ্যে অবস্থান বোঝাতে in সীমার বাইরে অবস্থান বোঝাতে to এবং সীমার মধ্যে উপরিভাগে অবস্থান বোঝাতে On ব্যবহৃত হয়।

Rangpur is in the north of Bangladesh.

The Bay of Bengal is to the south of Bangladesh.

Tajindong is on the south of Bangladesh.

Since/From/For: নির্দিষ্ট সময়ের পূর্বে Since বসে এবং তা সব সময় Perfect বা Perfect continuous Tense এ ব্যবহৃত হয়। From সব tense-একই নির্দিষ্ট সময়ের পূর্বে ব্যবহৃত হয় এবং for ব্যাপক সময়ের পূর্বে বসে। Since বলতে Point of time এবং For বলতে Duration of time বোঝায়।

It has been raining since Monday.

It has been raining for a week.

It did not rain from January.

By/with: যে কাজটি করে তার পূর্বে by বসে এবং যে যন্ত্র বা হাতিয়ার ব্যবহার করা হয় তার পূর্বে with বসে।

The snake was killed by the boy with a stick.

This letter is written by you with this pen.

Between/Among: দুই এর মধ্যে বোঝালে between এবং দুই এর অধিক হলে among ব্যবহৃত হয়।

Devid the fruits between Rusel and Rana

Distribute the books among all students.

Beside/Besides: পাশে অর্থে beside এবং অধিকন্তু অর্থে Besides ব্যবহৃত হয়।

He sits beside me.

Besides the pond I like the house.

Above/On/Over: তল স্পর্শ করে থাকলে On এবং তলের ওপরে থাকলে Over বসে। স্পর্শহীন অবস্থায় থাকলে above বসে।

The ball is on my head.

The shade is over my head.

The sky is above us.

Under/below: কোন তলের নিচে থাকলে Under এবং তল স্পর্শ করে থাকলে below ব্যবহৃত হয়।

Keep the basket under the table

There is a bag below the box.

Except/Without: বাদ দিয়ে বা ব্যতিরেকে অর্থে Except এবং ছাড়া বা নেই অর্থে without ব্যবহৃত হয়।

I like him except his hair style.

I can't do without him.

In order to/with a view to : কোন কিছু করার উদ্দেশ্যে অর্থ প্রকাশ করতে এই দুটি Pharse ব্যবহৃত হয়। তবে in order to এর পর infinitive এবং with a view to এর পরে verb এর ing form ব্যবহৃত হয়।

He went to market in order to buy a shirt.

He went to market with a view to observing price.

Number

T@NB!R

কোন ব্যক্তি বা বস্তুর সংখ্যাকে Number (বচন) বলে।

যেমন : $\begin{cases} \text{boy} & \text{box} & \text{baby} & \text{Woman} & \text{Ox} & \text{Child} & \text{Knife} \\ \text{boys} & \text{boxes} & \text{babies} & \text{Women} & \text{Oxen} & \text{Children} & \text{Knives} \end{cases}$

শব্দযুগলের প্রথমটিতে একটি ও দ্বিতীয়টিতে একাধিক বোঝাচ্ছে। এ ধরনের ব্যক্তি বা বস্তুর সংখ্যাই Number.

In English, there are singular number and plural number.

Singular Number এক ব্যক্তি বা বস্তুকে এবং Plural Number একের অধিক ব্যক্তি বা বস্তুকে বোঝায়।

Number হচ্ছে Nouns (book/books), Demonstrative Pronouns (this/these) এবং Personl Pronoun (he/they) এর একটি বৈশিষ্ট্য।

যখন কোন ব্যক্তি বা একটি বস্তুকে বুঝায় তখন Noun টি Singular Number হয়। যেমন A boy, a book, a man ইত্যাদি। অর্থাৎ Singular Number হলে Noun টির আগে একটি বোঝাতে a, an, the, one বসাতে হয়। আর যখন একাধিক ব্যক্তি বা বস্তু বোঝায় তখন Noun টি Plural Number হয়।

যেমন : Boys, books, men ইত্যাদি।

Noun এর Singular Number এর সাথে 's' বা 'es' যুক্ত করে সাধারণত Plural Number করা হয়।

তবে কিছু শব্দে এর ব্যতিক্রম লক্ষ্য করা যায়।

যেমন : city-cities, wife-wives, foot-feet, mouse-mice, child-children, agendum-agenda, etc.

Common Noun (Boy, Book, Brother) এবং Collective Noun (class, army) এর Number পরিবর্তিত হয়। কিন্তু, Proper Noun (Dhaka, Rahim), Material Noun (Oil, Rice) এবং Abstract Noun (Honesty, Kindness) এর Number এর পরিবর্তন হয় না।
Personal ও Demonstrative Pronoun এর ক্ষেত্রে Singular Number ও Plural Number গুলো নিম্নরূপে হয়।

Personal Pronouns	Singular	Plural
Nominative	I	We
	You	You
	he, she, it	they
Possessive	my, mine	our, ours
	your, yours	your, yours
	his, her, its	their, theirs
Objective	me	us
	you	you
	him, her, it	them
Demonstrative Pronouns	this, that	these, those

Tense



Tense শব্দের বাংলা অর্থ ‘কাল’। ক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কে Tense বলে।

Definition: Tense indicates any of the forms of a verb which may be used to denote the time of action or state expressed by the verb.

Look at the sentences below:


1. Bird-watching has been a favourite pastime for many nature lovers.
2. Jerry had been living in the orphanage for about eight years.
3. With time there will not be enough food and shelter for all, let alone education.

In the 1st sentence Present tense is used, in the 2nd sentence Past and in the 3rd Future tense is used.

এখানে উল্লেখিত বাক্যগুলোর মধ্যে প্রথম বাক্যটির ক্রিয়া ‘has been’ দিয়ে বর্তমান সময়, দ্বিতীয় বাক্যটির ক্রিয়া ‘had been’ দিয়ে অতীত সময় ও তৃতীয় বাক্যে ‘will’ দিয়ে ভবিষ্যৎ সময়কে বোঝানো হয়েছে।

Thus, to state any event generally three tenses are used. These are –

1. Present Tense
2. Past Tense and
3. Future Tense



Present Tense: When a verb indicates present action, it is Present Tense. Example: I play football.

Past Tense: When a verb indicates past action, it is Past Tense. Example: I played football.

Future Tense: When a verb indicates future action, it is Future Tense. Example: I will play football.

1. There are some 90 universities in Britain.
2. Many overseas students are joining publicly funded higher and further education institutions in Britain.
3. Higher education in Britain has experienced a dramatic expansion.
4. Britain has been maintaining good standard in higher education since 1989.

Look, all the sentences above are in present tense. But there are differences in the uses of their verbs. Thus, according to use, each Present, Past and Future tense is again sub-divided into four classes –

- ***Present Tense***

1. Present Indefinite Tense/Simple Present Tense
2. Present Continuous Tense/ Present Progressive Tense
3. Present Perfect Tense
4. Present Perfect Continuous Tense


- ***Past Tense***

1. Past Indefinite Tense/Simple Past Tense
2. Past Continuous Tense/ Past Progressive Tense
3. Past Perfect Tense
4. Past Perfect Continuous Tense

- ***Future Tense***

1. Future Indefinite Tense/Simple Future Tense
2. Future Continuous Tense/Future Progressive Tense
3. Future Perfect Tense
4. Future Perfect Continuous Tense

যদিও Tense কে প্রধানত তিনভাগে ভাগ করা হয়েছে এখানে প্রদত্ত উদাহরণের বাক্যগুলো পড়লে স্পষ্টতই প্রতিয়মান হয় যে, Tense কে Present, Past ও Future – কেবলমাত্র এই তিনটি ভাগে বিভক্ত করাই যথেষ্ট নয়। বর্তমানে সংঘটিত হওয়া কোন কাজ বর্তমান সময়ে ঠিক কোন অবস্থায় সংঘটিত হচ্ছে, অতীত সময়ের দুইটি কাজের মধ্যে কোনটি অধিকতর পূর্ববর্তী সময়ে সংঘটিত হয়েছিল অথবা ভবিষ্যতে হওয়ার কাজটি কি কিছু সময় যাবৎ চলতে থাকবে কিনা – এই সকল বিষয় সুস্পষ্টভাবে বর্ণনা করার জন্য Present, Past ও Future প্রতিটি Tense কে আবারও চারভাগে বিভক্ত করা হয়েছে।



Present Indefinite Tense/Simple Present Tense:

The tense used to express the present action, event or statement is called Present Indefinite Tense. That means, when the present action of a verb is stated that is Present Indefinite Tense. Example:

- I need to study a lot.
- I know how awfully boring life can be in a nuclear family.

অনেকের মাঝেই ভুল ধারণা রয়েছে যে বর্তমান সময়ে যে কাজ চলছে তাকে Present Indefinite Tense বলে। কিন্তু প্রকৃতপক্ষে যে Tense দ্বারা চিরন্তন সত্য, অভ্যাসগত সত্য অথবা সচরাচর ঘটনা বর্ণনা করা হয় তাকে Present Indefinite Tense বলে।

Structure: Subject + Present form of Verb + Object.

<u>They</u>	+	<u>eat</u>	+	<u>rice.</u>
(sub.)		(v.)		(obj.)
<u>He</u>	+	<u>eats</u>	+	<u>rice.</u>
(sub.)		(v.)		(obj.)

N. B.: If the subject is 3rd person singular number, s/es will be added with verb.

N. B.: Present Indefinite Tense-এর ক্ষেত্রে subject 3rd person singular number হলে verb এর সাথে s/es যোগ হয়।

Uses of Present Indefinite Tense/ Simple Present Tense (Present Indefinite Tense

এর ব্যবহার) :

1. In Universal Truth (চিরন্তন সত্য ঘটনার ক্ষেত্রে) : The earth moves round the sun.
2. In Habitual Truth (অভ্যাসগত সত্য ঘটনার ক্ষেত্রে) : Mother reads the holy Quran everyday.
3. In Historical Truth (ঐতিহাসিক সত্য ঘটনার ক্ষেত্রে) : Bangladesh comes into being in 1971.
4. To indicate near future (নিকটবর্তী ভবিষ্যৎ বুঝানোর ক্ষেত্রে) : Ramadan begins next month.
5. If there are always, everyday, every month, on Saturdays, occasionally, often, thrice, usually, sometimes etc. words (always, everyday, every month, on Saturdays, occasionally, often, thrice, usually, sometimes এসকল শব্দ সম্বলিত বাক্যে) : He visits us on Saturdays.
6. In Proverbs (প্রবাদ এর ক্ষেত্রে) : Birds of the same feather flock together.
7. In quotations (উক্তির ক্ষেত্রে) : Keats says, "Beauty is truth, truth beauty."
8. In time-table of any function or vehicle (যেকোন যানবাহন বা অনুষ্ঠানের সময়সূচীর ক্ষেত্রে) : The Simanta inter-city train leaves Khulna at 8 o'clock.
9. In promise (প্রতিজ্ঞার ক্ষেত্রে) : I promise never to come here again.
10. In any directions, instructions or demonstrations (কোন নির্দেশ এর ক্ষেত্রে) : Wait until I come back.

Present Continuous Tense/ Present Progressive Tense:

The action of a verb which is continuing at present is called Present Continuous Tense. Example:

- Many countries are now taking steps to protect their endangered wildlife.
- Large extended families are still giving place to small, nuclear families.

বর্তমান সময়ে কোন কাজ সংঘটিত হচ্ছে বোঝাতে Present Continuous Tense ব্যবহৃত হয়।

Structure: Subject + Present form of Be Verb (am / is / are) + Base form of Verb + ing + Object.

<u>They</u>	+	<u>are</u>	+	<u>eat</u>	+	<u>ing</u>	+	<u>rice.</u>
(sub.)	+	(be v.)	+	(v.)	+	ing	+	(obj.)

Uses of Present Continuous Tense/ Present Progressive Tense:

1. To indicate near future (নিকটবর্তী ভবিষ্যৎ বুঝানোর ক্ষেত্রে) : Father is coming home tomorrow.
2. In habitual act (অভ্যাসগত সত্য ঘটনার ক্ষেত্রে) : I am playing football even at this old age.

3. In a particular work which is not finished yet (নির্দিষ্ট কাজ যা সমাপ্ত হয়নি এরূপ বোঝাতে) : Now I am reading a play by Shakespeare.
4. In changing condition (পরিবর্তনশীল বিষয় বর্ণনার ক্ষেত্রে) : The world climate is changing rapidly.
5. To indicate always, continually, constantly, forever (always, continually, constantly, forever ইত্যাদি শব্দের ক্ষেত্রে) : I am going to Italy forever.

Note: See, feel, like, love, hate, smell, hear, believe, consist, bring, hope, forgive, desire, want, belong, remember, think, understand, notice, recognize, know, wish etc. verbs are not used in continuous form in Conventional Grammar but these are now used in Modern Grammar to express Present Continuous Tense. Example: (i) I am seeing a bird. (ii) She is feeling unwell. (iii) I am thinking of the matter.

Present Perfect Tense:

The verb which expresses the sense that the work has been completed but the result of that work is still present is called Present Perfect Tense. Example:

- In recent years birds have become the barometers of ecological changes around us.
- In fact origami has taken the form of sophisticated art in Japan.

কোন কাজ শেষ হয়ে গেছে কিন্তু তার ফলাফল এখনো বিদ্যমান এরূপ বোঝাতে Present Perfect Tense ব্যবহৃত হয়।

Structure: Subject+Present form of Have Verb (have/has)+Past Participle form of Verb+Object.

They +	have	+	eaten	+	rice.
(sub.) +	(have v.)	+	(p.p.of v.)	+	(obj.)

Uses of Present Perfect Tense:

1. When the action of work is still present though the work is over (কাজ শেষ হয়ে গেছে কিন্তু ফল বর্তমান আছে এরূপ বোঝানোর ক্ষেত্রে) : Haji Muhammad Mohsin has helped a lot of people.
2. Before 'since' (a fixed time/point of time) and 'for' (a long time/period of time) ('since' এবং 'for' এর আগে) : Rashed has got a bad headache for one hour.
3. In a past tense where time is not mentioned (অতীত সময়ের কোন কাজ যেখানে সময়ের উল্লেখ নেই) : I have read Macbeth but I have forgotten the most of it.
4. After just, just now, already, yet, never, ever, lately, recently etc, (just, just now, already, yet, never, ever, lately, recently এসব শব্দের পরে) : He has already written the letter.

Present Perfect Continuous Tense:

The verb which has started before but is still going on is called Present Perfect Continuous Tense. Example:

- It has been raining for two hours.
- Rina has been living in Dhaka since 1991.

যে ক্রিয়ার কাজ অতীত সময়ে শুরু হয়ে এখনো চলছে তাকে Present Perfect Continuous Tense বলে।

Structure: Subject+Present form of Have Verb (have/has)+Been+Base form of Verb+ing+Object.

<u>They</u> +	<u>have</u> + <u>been</u> +	<u>eat</u>	+ <u>ing</u> + <u>rice.</u>
(sub.) +	(have v.)+(been)+	(v.)	+ ing + (obj.)

Use of Present Perfect Continuous Tense:

1. Before 'since' (a fixed time/point of time) and 'for' (a long time/period of time) ('since' এবং 'for' এর আগে) : He has been reading the book for two hours.

Past Indefinite Tense/Simple Past Tense:

The tense which is used to express the past action of a verb is called Past Indefinite Tense. Example:

- We gained independence from Pakistan in 1971.
- In the pre-industrial feudal society, both husbands and wives worked in the fields outside the home.

অতীত সময়ের কোন কাজ বুঝাতে Past Indefinite Tense ব্যবহৃত হয়।

Structure: Subject + Past form of Verb + Object.

<u>They</u> +	<u>ate</u>	+ <u>rice.</u>
(sub.) +	(past of v.)	+ (obj.)

Uses of Past Indefinite Tense/Simple Past Tense:

1. In historical events (ঐতিহাসিক ঘটনা বর্ণনার ক্ষেত্রে) : Prophet Hazrat Muhammad (Sm) got divine message at the age of forty.
2. In habitual act of past (অতীত সময়ের কোন অভ্যাস বর্ণনার ক্ষেত্রে) : I used to take exercise in the morning.
3. After 'it is time', 'it is high time' and past indicating words ('it is time', 'it is high time' এবং অতীত নির্দেশক শব্দের পরে) : It is high time we started for the station.
4. To express courtesy, request etc. (courtesy, request ইত্যাদি বুঝাতে) : Would you please help me?

Past Continuous Tense/ Past Progressive Tense:

The action of a verb which was continuing at the past time is Past Continuous Tense. Example:

- He was standing back of his own carelessness.
- Some boys were playing football in the field.

অতীত সময়ে কোন কাজ চলছিল এরূপ বুঝাতে Past Continuous Tense ব্যবহৃত হয়।

Structure: Subject + Past form of Be Verb (was / were) + Base form of Verb + ing + Object.

<u>They</u> +	<u>were</u>	+ <u>eat</u>	+ <u>ing</u> + <u>rice.</u>
(sub.) +	(past of be v.)	+ (v.)	+ ing + (obj.)

Use of Past Continuous Tense/ Past Progressive Tense:

1. In two past actions which were occurring at the same time. Example (অতীত কালে সংঘটিত দুটি ক্রিয়ার ক্ষেত্রে যা একই সময়ে ঘটছিল বুঝায়) : Rina was reading and Bina was writing.

Past Perfect Tense:

If there are two actions at the past time then comparatively previous verb is called Past Perfect Tense. Example:

- I had reached the college before the examination began.
- He came home after I had finished my work.

যদি অতীত সময়ে দুটি কাজ সংঘটিত হয় তাহলে অপেক্ষাকৃত পূর্ববর্তী কাজের ক্ষেত্রে Past Perfect Tense ব্যবহৃত হয়।

Structure: Subject + Past form of Have Verb (had) + Past Participle form of Verb + Object.

They	+	had	+	eaten	+	rice.
(sub.)	+	(past of have v.)	+	(p.p.of v.)	+	(obj.)

Uses of Past Perfect Tense:

1. After 'that' with Past Indefinite Tense before 'that' (Past Indefinite Tense এর পরে 'that' থাকলে সেই 'that' এর পরে) : Pallabi said that she had gone to market.
2. After 'when' which joins two past actions (দুটি অতীত কাজকে সংযোজনকারী 'when' এর পরে) : When our teacher had delivered his lecture, we listened to carefully.
3. To express two past actions, one of which started after the completion of the other in the clause with till, until, as soon as, before, when (দুটি অতীত কাজ সম্বলিত clause এর মধ্যে till, until, as soon as, before, when সম্বলিত clause শেষ হওয়ার পরে অন্যটি শুরু হলে সেই clause এর ক্ষেত্রে) : The students were silent till the teacher had been in the class.
4. In the 1st clause where two clauses are joined with 'hardly', 'no sooner Than', 'scarcely' (দুটি clause 'hardly', 'no sooner Than', 'scarcely' দ্বারা যুক্ত হলে প্রথম clause এর ক্ষেত্রে) : No sooner had he aimed at the bird than it flew away.

Past Perfect Continuous Tense:

The work which was continuing for a fixed time at the past time is called Past Perfect Continuous Tense.

Example:

- Jerry had been living in the orphanage since he was four.
- She had been reading a novel when I went to meet her.

অতীতে একটি নির্দিষ্ট সময় ধরে কোন কাজ চলতে থাকলে তাকে Past Perfect Continuous Tense বলে।

Structure: Subject + Past form of Have Verb (had) + Been + Base form of Verb + ing + Object.

They + had + been + eat + ing + rice.
(sub.) + (have v.) + (been)+ (v.) + ing + (obj.)

Future Indefinite Tense/Simple Future Tense:

When the action of a verb takes place generally at future time it is called Future Indefinite Tense. Example:

- During conversation a Latin American will frequently hold the other person's arm with his hand.
- She will go tomorrow.

ভবিষ্যৎ সময়ে কোন কাজ সংঘটিত হবে বুঝালে তাকে Future Indefinite Tense বলে।

Structure: Subject + Shall/Will + Base form of Verb + Object.

They + will + eat + rice.
(sub.) + will + (v.) + (obj.)

Use of Future Indefinite Tense/Simple Future Tense:

1. After expect, probably, sure, think etc. (expect, probably, sure, think ইত্যাদির পরে) : I am sure he will come back.

Future Continuous Tense/Future progressive Tense:

When an action indicates that a verb will continue after starting at a future time it is called Future Continuous Tense. Example:

- I shall be waiting for you.
- Mother will be preparing breakfast.

ভবিষ্যৎ সময়ে কোন কাজ শুরু হয়ে চলতে থাকবে বুঝালে তাকে Future Continuous Tense বলে।

Structure: Subject + Shall/Will + Be Verb (be) + Base form of Verb + ing + Object.

They + will + be + eat + ing + rice.
(sub.) + (will) + (be) + (v.) + ing + (obj.)

Use of Future Continuous Tense/Future progressive Tense:

1. In a place where future work will continue for a future time (ভবিষ্যৎ সময় ধরে কোন কাজ চলতে থাকবে বুঝালে) : They will be playing all afternoon.

Future Perfect Tense:

When it is expected that the work will be finished by a future time, it is called Future Perfect Tense. Example:

- I will have reached Khulna by then.
- You will have got the letter.

ভবিষ্যতে কোন নির্দিষ্ট সময়ে কাজ সম্পন্ন হবে বুঝাতে Future Perfect Tense ব্যবহৃত হয়।

Structure: Subject + Shall/Will + Have Verb (have / has) + Past Participle form of Verb + Object.

<u>They</u>	+	<u>will</u>	+	<u>have</u>	+	<u>eaten</u>	+	<u>rice.</u>
(sub.)	+	(will)	+	(have v.)	+	(p.p.of v.)	+	(obj.)

Future Perfect Continuous Tense:

The first action of two verbs which will continue for a long time at future is called Future Perfect Continuous Tense.

Example: * We shall have been traveling for 8 hours on the way to Dhaka.

* Moon will have been studying for two hours.

ভবিষ্যতে দীর্ঘ সময় ধরে দুটি কাজ চলতে থাকলে প্রথম কাজটিকে Future Perfect Continuous Tense বলে।

Structure: Subject + will + Have Verb (have) + Been + Base form of Verb + ing + Object.

<u>They</u>	+	<u>will</u>	+	<u>have</u>	+	<u>been</u>	+	<u>eat</u>	+	<u>ing</u>	+	<u>rice.</u>
(sub.)	+	(will)	+	(have v.)	+	(been)	+	(v.)	+	ing	+	(obj.)

Tenses and their Structures

Present Tense:

- ❖ Present Indefinite Tense: Subject + present form of verb + object.
- ❖ Present Continuous Tense: Subject + am/is/are + base form of verb + ing + object.
- ❖ Present Perfect Tense: Subject + have/has + past participle form of verb + object.
- ❖ Present Perfect Continuous Tense :
Subject + have been/has been + base form of verb + ing + object. (extension: since/for)

Past Tense:

- ❖ Past Indefinite Tense: Subject + past form of verb + object.
- ❖ Past Continuous Tense: Subject + was/were + base form of verb + ing + object.
- ❖ Past Perfect Tense: Subject + had + past participle form of verb + object.
- ❖ Past Perfect Continuous Tense: Subject + had been + base form of verb + ing + object.

Future Tense:

- ❖ Future Indefinite Tense: Subject + will/shall + present form of verb + object.
- ❖ Future Continuous Tense: Subject + will be/shall be + base form of verb + ing + object.
- ❖ Future Perfect Tense: Subject + will have/shall have + past participle form of verb + object.
- ❖ Future Perfect Continuous Tense : Subject + will have been/shall have been + base form of verb + ing + object

Rules to remember

Indefinite:

1. Put the verb according to the tense.

Continuous:

1. Put 'be verb' before the base form of verb.
2. Add 'ing' with the base form of verb.

Perfect:

1. Put 'have verb' before the base form of verb.
2. Add 'past participle' form of the verb.

Future Tense:

1. Put 'will' after the subject.
2. Put the base form of verb.

Details about 'Be Verb' and 'Have Verb'

Be Verb

- ❖ am, is, are for present tense
- ❖ was, were for past tense
- ❖ be can be used as - 1. been (past participle) 2. being (gerund)

Have Verb:

- ❖ have, has for present tense
- ❖ had for past tense
- ❖ heving (gerund)

Details about 'Base form of Verb' and 'Present form of Verb'

Base form of Verb:

The verb which is in its original form without adding any 's/es', 'ed/en'/t, 'ing' etc. If the verb is broken there will be no meaning. Example: go, sleep and so on.

Present form of Verb:

The verb which is not in its original form, rather there are 's/es', 'ing' etc. is a present form of verb. This type of verb can be broken and after breaking the base form will be got. Example: goes (go + es), going (go + ing) and so on.

About 'Person' and 'Number'

Person:

There are three types of person –

1. First person : I, me, my, mine, we, our, us, myself, ourselves
2. Second person : you, your, yourself, yourselves
3. Third person : All except first person and second person

Number:

There are two types of number –

1. Singular: Anything means 'one'.
2. Plural: Anything means 'more than one'.

Unit-8

Subject-Verb Agreement



A Verb which agrees with its subject in number and person is called subject verb agreement.

Rules of Agreement

1. Subject 3rd person singular number হলে present Indefinite Tense-এ-verb এর সাথে অবস্থা অনুযায়ী s/es যুক্ত হবে। যেমন :

- (a) Water (pass) through pipe. Ans: passes
- (b) He (punish) the students sometimes. Ans: punishes

2. দুই বা ততোধিক subject যদি and দিয়ে যুক্ত হয় এবং একটি অভিন্ন ভাব প্রকাশ করে তাহলে verb টি plural হবে। যেমন :

- (a) Rana and Raju (is/are) going to school. Ans: are
- (b) Time and tide (wait/waits) for none. Ans: wait

3. তবে দুই বা ততোধিক Subject যদি and দিয়ে যুক্ত হয় এবং একটি অভিন্ন ভাব প্রকাশ করে তাহলে verb টি Singular হবে।

- (a) Bread and butter (is/are) available everywhere. Ans: is
- (b) Slow and steady (win/wins) the race. Ans: wins
- (c) A hue and cry (was/were) raised. Ans: was

4. যদি ২টি Subject, and দ্বারা যুক্ত হয় এবং and এর আগের Subject টিতে article থাকে ও পরের subject টিতেও article থাকে তাহলে মনে করতে হবে উভয়টাই ভিন্ন ভিন্ন ব্যক্তি বা বস্তু, সুতরাং সেই অনুযায়ী verb বহু বচন হবে। যেমন :

- (a) The Headmaster and the Secretary (is/are) coming. Ans: are
- (b) A blue and a red pen (was/were) lost. Ans: were
- (c) The poet and the novelist (have/has) come. Ans: have

তবে যদি and এর আগের শব্দটির আগে Article থাকে এবং পরের শব্দটির আগে Article না থাকে তাহলে একই ব্যক্তি বা বস্তু মনে করতে হবে। সুতরাং সেই অনুযায়ী Verb একবচন হবে। যেমন:

- (a) The Headmaster and Secretary (is/are) coming. Ans: is
- (b) The Chairman and Treasurer (have/has) come. Ans: has

5. বাক্যের Verb তার Subject এর Number ও Person অনুযায়ী বসে। যদি Subject টি Singular হয় তাহলে verb টিও Singular হবে। অনুরূপভাবে Subject যদি Plural হয় তাহলে verb টিও plural হবে।

- (a) They (is/are) eating a banana. Ans: are
- (b) We (have/has) created this problem. Ans: have

6. যদি বাক্যের Subject টি Preposition দিয়ে যুক্ত হয় তাহলে preposition এর আগের শব্দ অনুযায়ী verb বসবে। যেমন:

- (a) The presence of so many boys (is/are) encouraging. Ans: is
- (b) The mangoes in the box (have/has) been rotten. Ans: have

7. যখন কোন বাক্য There দিয়ে শুরু হবে তখন তাদের Subject টি verb এর পরে বসে কিন্তু সর্বদাই স্মরণ রাখবে বাক্যের verb টি Subject অনুযায়ী বসবে। যেমন :

(a) There (is/are) a pen on the table. Ans: is

(b) There (is/are) a pen, a book and a clock on the table. Ans: are

8. Infinitive, Gerund, Verbal Noun, Phrase এবং Clause যদি বাক্যের subject হয় তাহলে verb টি singular হবে।

(a) To err (is/are) human. Ans: is

(b) Walking (is/are) the best exercise. Ans: is

(c) The reading of novel (is/are) interesting Ans: is

(d) That he is honest (is/are) known to all. Ans: is

(e) Success at any cost (is/are) his only goal. Ans: is

